

অর্থনীতি

কিউআর লেনদেনে কাউকে বাড়তি ফি দিতে হবে না

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ১২:১৪ PM



বাংলা কিউআর কোড ব্যবহার করে লেনদেনের জন্য কোনো বাড়তি চার্জ বা ফি দিতে হবে না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। ক্যাশলেস বাংলাদেশ গড়ে তুলতে এই ব্যবস্থা আরও বিস্তৃত করার উদ্যোগ নিয়েছে সরকার।

বৃহস্পতিবার রাজধানীর বনানী কাঁচাবাজারে বাংলা কিউআর কোড ব্যবহার করে পণ্য কেনাকাটার উদ্বোধন ও কিউআরভিত্তিক লেনদেন পরিদর্শনকালে তিনি এ কথা বলেন।

অর্থমন্ত্রী বলেন, সরকারের উদ্যোগের আওতায় কিউআর কোডের মাধ্যমে লেনদেন সম্পূর্ণ বিনামূল্যে করা হবে। এ জন্য কাউকে বাড়তি কোনো চার্জ বা ফি দিতে হবে না।

ফুচকা বিক্রেতা, রিকশাচালক, ক্ষুদ্র ব্যবসায়ীসহ সমাজের বিভিন্ন শ্রেণির মানুষকে কিউআর কোডভিত্তিক ডিজিটাল আর্থিক সেবার আওতায় আনা হবে বলে জানান তিনি।

আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, ছোট ব্যবসায়ীরাও যেকোনো ব্যাংক বা সেবা প্রদানকারীর হিসাবে সহজে কিউআর কোডের মাধ্যমে টাকা নিতে পারবেন।

কিউআরভিত্তিক লেনদেন বাড়লে নগদ টাকা বহনের প্রয়োজন কমবে। এতে কেনাকাটা ও অর্থ লেনদেন আরও সহজ ও দ্রুত হবে বলে জানান অর্থমন্ত্রী।

তিনি বলেন, প্রাথমিক পর্যায়ে কিউআরভিত্তিক লেনদেনে কিছু কারিগরি সমস্যা বা সাময়িক জটিলতা দেখা দিতে পারে। তবে এসব সমস্যা দ্রুত সমাধান করা সম্ভব।

বিশ্বের বিভিন্ন উন্নত ও দ্রুত বর্ধনশীল অর্থনীতিতে ক্যাশলেস লেনদেন সহজ ও নিরাপদ ব্যবস্থা হিসেবে চালু রয়েছে উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, বাংলাদেশ ব্যাংকও আন্তর্জাতিক এই ব্যবস্থাকে দেশে আরও বিস্তৃত করার লক্ষ্যে কাজ করছে।

সাধারণ নাগরিক, ব্যবসায়ী ও সেবা প্রদানকারীদের ক্যাশলেস ও নিরাপদ অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তুলতে সরকারি উদ্যোগে অংশ নেওয়ার আহ্বান জানান আমির খসরু মাহমুদ চৌধুরী।

এ বিভাগের আরও খবর



সেপ্টেম্বরে ১৯ দিনে এলো ১৮.৭ কোটি ডলার রেমিট্যান্স, রিজার্ভ ৩৬.৩০ বিলিয়ন দেশের বৈদেশিক মুদ্রার মোট রিজার্ভ বেড়ে ৩৬ দশমিক ৩০ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ২০ সেপ্টেম্বর পর্যন্ত মোট রিজার্ভ...



শনিবার জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে সাড়ে ১২ মিলিয়ন ঘনফুট গ্যাস তিস্তাসের ২৮ নম্বর ক্লপ থেকে জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে সাড়ে ১২ মিলিয়ন ঘনফুট গ্যাস। বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেডের (বিজিএফসিএল) তিস্তাস গ্যাস...



বন্ধ শিল্প চালু করতে ২০ হাজার কোটি টাকার ক্ষিম, ঋণে সুদ ৭%
বন্ধ শিল্প ও সেবা খাতের প্রতিষ্ঠানগুলো পুনরায় চালু করতে ২০ হাজার কোটি টাকার বিশেষ ক্ষিম চালু করেছে বাংলাদেশ ব্যাংক।
এ ক্ষিমের আওতায় গ্রাহক প...



১৩ দিনে রেমিট্যান্স এসেছে ১৪২ কোটি ৭০ লাখ ডলার
চলতি ২০২৬-২৭ অর্থবছরের শুরুতে দেশে রেমিট্যান্স প্রবাহে ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে। সেপ্টেম্বরের প্রথম ১৩ দিনে প্রবাসীরা দেশে ১৪২ কোটি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/economy/kiuar-lendene-kauke-barti-fi-dite-hbe-na>